অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেট পার্কগুলোতে রেকর্ড পরিমাণ উপস্থিতি ঘোষণা করেছেন

2024 সালে স্টেট ব্যাপী উপস্থিতি 88.3 মিলিয়নে পৌঁছেছে যা 2023 সালে হওয়া পূর্বের রেকর্ডের চেয়ে 4 মিলিয়ন বেশি

পার্কগুলোর শতবর্ষপূর্তি উদযাপন এবং সূর্যগ্রহণ দেখার আয়োজনের পাশাপাশি গভর্নরের বিনামূল্যে সাঁতার শেখানোর উদ্যোগ 12 বছর ধরে ধারাবাহিকভাবে উপস্থিতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে

গভর্নরের আনপ্লাগ অ্যান্ড প্লে কৌশল নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য আরো স্বাস্থ্যকর বিনোদনকে উৎসাহিত করে

পার্কে উপস্থিতি বিষয়ক তথ্য পাওয়া যাবে এখানে

নিউ ইয়র্ক স্টেটের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টরিক প্রিজারভেশন New York State Office of Parks, Recreation and Historic Preservation (স্টেট পার্কস) পরিচালিত স্টেট পার্কস, ঐতিহাসিক স্থান, ক্যাম্পগ্রাউন্ড এবং ট্রেইলসমূহ 2024 সালে রেকর্ড 88.3 মিলিয়ন দর্শনার্থীর আগমনের সাক্ষী হয়েছে। স্টেট ব্যাপী মোট দর্শনার্থী চার মিলিয়নেরও বেশি বেড়েছে যা 2023 সালের পূর্ববর্তী রেকর্ড বছরের তুলনায় পাঁচ শতাংশ বেশি। নিম্নলিখিত তথ্যালি গভর্নর Hochul (হোকল)-এর পার্ক ও আউটডোর বিনোদনের সুযোগ সম্প্রসারণের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে, এর মধ্যে রয়েছে বিনামূল্যে সাঁতার কর্মসূচিসহ পার্ক ব্যবস্থার 100তম বার্ষিকীতে বিনিয়োগ, 2024 সালের পূর্ণ সূর্যগ্রহণ পর্যবেক্ষণ ইভেন্ট যা স্টেটের পর্যটনের রেকর্ড ভেঙেছে।

"এই নতুন উপস্থিতির রেকর্ড আমাদের প্রতিশ্রুতির প্রতিফলন যা বাসিন্দা এবং দর্শনার্থীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যকর বিনোদন উপভোগ করার সুযোগ সম্প্রসারণে সহায়ক, তা হতে পারে সাঁতার, হাইকিং, ক্যাম্পিং বা আমাদের বিশ্বমানের দৃশ্যাবলী, সৈকত এবং জলপ্রপাতে ভ্রমণ করা," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা সৌভাগ্যবান যে আমাদের স্টেট পার্কে এমন একটি অত্যন্ত প্রয়োজনীয় বিরতি পাওয়া যায় যা অনেকেই ডিজিটাল জগতের আসক্তিতে ভোগেন এবং আমার "আনপ্লাগ অ্যান্ড প্লে" কৌশলের মাধ্যমে আমরা নিশ্চিত করব যে আরো বেশি নিউ

ইয়র্কবাসী এবং ভবিষ্যৎ প্রজন্ম তাদের স্টেট পার্কে এবং নিজেদের কমিউনিটিতে চমৎকার বিনোদনমূলক ফ্যাসিলিটিতে ভ্রমণের সুযোগ পাবেন।"

গত দুই দশকে, স্টেট পার্কের দর্শনার্থীর সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে যা 66 শতাংশ এবং গত বছর ছিল 12তম ধারাবাহিক বার্ষিক বৃদ্ধি। 2024 সালে নিউ ইয়র্ক স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইট সিস্টেমের শতবার্ষিকী উপলক্ষে এই ভ্রমণের বৃদ্ধিতে ভূমিকা রেখেছে। বছর ব্যাপী উদযাপনটি স্টেট পার্কের উন্নয়নে প্রভাবশালী ব্যক্তিত্ব এবং গুরুত্বপূর্ণ মাইলফলক মুহূর্তগুলোকে সম্মানিত করেছে এবং এটি শতবর্ষী থিমযুক্ত ইভেন্টগুলি আয়োজন করে এজেন্সিকে স্টেটের বিভিন্ন কমিউনিটির সাথে সংযোগ করার সুযোগ তৈরি করে দিয়েছে।

এপ্রিল 8 তারিখে, স্টেট পার্কগুলো পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস এবং অ্যাডিরন্ড্যাকস অঞ্চলের উপর দিয়ে যাওয়া বিরল পূর্ণ সূর্যগ্রহণ উদযাপন করতে বিভিন্ন ইভেন্ট এবং কার্যক্রমের আয়োজন করেছিল। গভর্নর হোকল ছিলেন 45,000 দর্শনার্থীর মধ্যে একজন যারা Niagara Falls State Park (নায়াগ্রা ফলস স্টেট পার্ক)-এ আকাশীয় ঘটনাটি উপভোগের সুযোগ পেয়েছে। গত বছরের 6 এপ্রিল থেকে 9 এপ্রিল পর্যন্ত এই সূর্যগ্রহণের ফলে নিউ ইয়র্কে পর্যটন খাতে রেকর্ড সৃষ্টি হয়েছে।

গভর্নর Hochul (হোকল) ফ্রি সাঁতার কর্মসূচি নতুন রেকর্ডকে আরো দৃঢ় করেছে। গত বছরের 4 জুলাইয়ের ছুটির আগে, গভর্নর Hochul (হোকল) পুরো গ্রীষ্মকাল জুড়ে স্টেট পার্কগুলোতে সাঁতার পুলে প্রবেশের ফি ফ্রি করে দিয়েছিলেন। শ্রম দিবস (Labor Day) পর্যন্ত, পুলে আগমনের পরিমাণ 36 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং 542,000 জনেরও বেশি মানুষ অন্তত একটি স্টেট পার্কের পুলে গিয়েছে। বাইশটি ফ্যাসিলিটি বিনামূল্যে সাঁতার শেখানোর আয়োজন করে যা পূর্ববর্তী বছরের তুলনায় ফ্যাসিলিটির সংখ্যা তিনগুণ বৃদ্ধি করে এবং 2,000 জনেরও বেশি শিক্ষার্থীকে সাঁতার শেখানো হয়।

স্টেট পার্কস কমিশনার Pro Tempore Randy Simons (প্রো টেম্পোর র‍্যান্ডি সাইমনস) বলেন, "স্টেট পার্কস হলো বিশ্বের অন্যতম সবচেয়ে প্রশংসিত পার্ক সিস্টেম যা প্রতিনিয়ত আরো অনেক মিলিয়ন দর্শনার্থীকে আমন্ত্রণ জানাচ্ছে যারা প্রকৃতির মাঝে সময় কাটাতে এবং আনন্দে মেতে উঠতে ভালোবাসে! গভর্নর Hochul (হোকল) আউটডোর বিনোদন এবং ভূমি সংরক্ষণের প্রতি চলমান সমর্থন, আমাদের স্টেট পার্কস দলের অনুপ্রেরণা এবং কঠোর পরিশ্রমের সাথে মিলিত হয়ে এই নতুন রেকর্ড অর্জনে সাহায্য করেছে। গতি বজায় রাখতে, সবার মানসিক ও শারীরিক সুস্থতার সহায়তা করতে, সাশ্রয়িতা নিশ্চিত করতে এবং এম্পায়ার স্টেটের বিভিন্ন কমিউনিটিতে অর্থনৈতিক উন্নয়ন নিয়ে আসতে আমরা স্টেটজুড়ে অংশীদারদের সঙ্গে কাজ করার জন্য অধীর আগ্রহে আছি, যাতে আগামী বছরগুলোতে এ উদ্যোগের সুফল সকলের কাছে পৌঁছে।"

অ্যাসেম্বলি মেম্বার Ron Kim (রন কিম) বলেন, "আমি গভর্নর Hochul (হোকল) এবং আমার সহকর্মীদের সঙ্গে যোগ দিতে পেরে অত্যন্ত উচ্ছ্বসিত যাতে আমরা আমাদের স্টেট পার্কস, বিনোদনমূলক মাধ্যম এবং সাংস্কৃতিক স্থানগুলোতে আরো বিনিয়োগ অব্যাহত রাখতে পারি। এগুলো নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে একটি অপরিহার্য চালিকাশক্তি হিসেবে

প্রমাণিত হয়েছে যা প্রতি বছর লক্ষ লক্ষ দর্শনার্থীকে আকর্ষণ করে এবং আমাদের কমিউনিটিগুলোর জন্য অপরিমেয় অন্তর্নিহিত সম্পদ সৃষ্টি করে যা দীর্ঘমেয়াদী টেকসই উন্নতির জন্য অতি গুরুত্বপূর্ণ।"

2024 সালে ক্যাম্পিং নিউ ইয়র্কের স্টেট পার্কের ফ্যাসিলিটিগুলোতে একটি জনপ্রিয় কার্যক্রম হিসেবে অব্যাহত ছিল যেখানে 2,206,986 জন ক্যাম্পার তাদের তাঁবু স্থাপন করেছিলেন। 226,000 জনেরও বেশি রিজার্ভেশনের সাথে মিলে এই ক্যাম্পারগণ তারকাখচিত আকাশের নিচে সামগ্রিকভাবে 753,731 রাত কাটিয়েছেন এবং স্থানীয় অর্থনীতিতে প্রচুর অবদান রেখেছেন।

2025 সালে নিউ ইয়র্ক স্টেট পার্কস ওয়েলনেস চ্যালেঞ্জটি (New York State Parks Wellness Challenge) মানসিক সুস্থতা এবং আউটডোর বিনোদন উভয়কেই উৎসাহিত করার জন্য 1 জানুয়ারি চালু করা হয়েছিল, পাশাপাশি বাসিন্দা এবং দর্শনার্থীদের স্টেট পার্কের মধ্যে সুস্থতা-কেন্দ্রিক কার্যকলাপ সম্পর্কে জ্ঞানদান করা হয়েছিল। চ্যালেঞ্জটি গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টার সাথে সঙ্গতি রেখে প্রণয়ন করা হয়েছে, যাতে নিউ ইয়র্কবাসীদের তাদের ডিভাইস থেকে বাইরে বেরিয়ে প্রকৃতি উপভোগ করতে উৎসাহিত করা যায়। চ্যালেঞ্জটিতে 50টি মিশন রয়েছে যা বিভিন্ন স্টেট পার্কগুলোতে সম্পন্ন করা যেতে পারে। একবার অংশগ্রহণকারীরা উপলব্ধ 50টি মিশনের মধ্যে 25টি শেষ করলে, তাঁরা একটি স্মারক স্টিকার এবং পুরস্কার হিসাবে তাঁদের ঠিকানায় পাঠানো একটি পোস্টকার্ড পাবেন।

গভর্নর Hochul (হোকল)-এর 2026 অর্থবর্ষের নির্বাহী বাজেট নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ পার্কগুলোর চলমান আধুনিকায়ন এবং পার্ক সিস্টেমে গুরুত্বপূর্ণ অবকাঠামো ভিত্তিক প্রকল্পগুলোকে সহায়তা এবং বিনিয়োগ করতে 200 মিলিয়ন মার্কিন ডলার স্টেট পার্কগুলোর জন্য প্রস্তাব করেছে। গভর্নরের নতুন আনপ্লাগ অ্যান্ড প্লে উদ্যোগটি (Unplug and Play initiative) কমিউনিটি, কিডস অ্যান্ড সিনিয়রদের জন্য বিনোদনমূলক অবকাঠামো (Build Recreational Infrastructure for Communities, Kids and Seniors, NY BRICKS) এর মাধ্যমে কমিউনিটি সেন্টারগুলোর নির্মাণ ও সংস্কারের জন্য 100 মিলিয়ন ডলার, নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে নতুন খেলার মাঠ তৈরি করতে এবং বিদ্যমান খেলার মাঠগুলো সংস্কার করতে সহায়তা করার জন্য প্লেসেস ফর লার্নিং, অ্যাক্টিভিটি অ্যান্ড ইয়ুথ সোশ্যালাইজেশন (Places for Learning, Activity and Youth Socialization, NY PLAYS) উদ্যোগের জন্য 67.5 মিলিয়ন ডলার বরাদ্দ করে; এবং সাঁতারের অবকাঠামোর সংস্কার ও নির্মাণে পৌরসভাগুলোকে সহায়তা করে স্টেটওয়াইড ইনভেস্টমেন্ট ইন মোর সুইমিং (Statewide Investment in More Swimming, NY SWIMS) উদ্যোগের জন্য অতিরিক্ত 50 মিলিয়ন ডলার।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টরিক প্রিজারভেশন 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, রিক্রিয়েশনাল ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছু তদারকি করে এবং প্রতি বছর 88 মিলিয়নেরও বেশি দর্শনার্থীকে স্বাগত জানায়। এই বিনোদন এলাকাগুলোর যেকোনো একটি সম্পর্কে আরো তথ্য জানতে parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY State Parks Explorer অ্যাপ ডাউনলোড করুন অথবা (518) 474-0456 নম্বরে কল করুন। তাদের সাথে ফেসবুক, ইনস্টাগ্রাম, এক্স (পূর্বে টুইটার), OPRHP ব্লগ অথবা OPRHP নিউজরুমের মাধ্যমে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন